বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
BANGLADESH WATER DEVELOPMENT BOARD

বোর্ড সচিবালয়
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন: +৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Board Secretariat
Pani Bhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০৪.১৮.৪৭.২২-২১৩

তারিখঃ ২৯ অগ্রহায়ন ১৪২৯ বঃ / ১৪ ডিসেম্বর ২০২২ খ্রিঃ

বিষয় ঃ- বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড পরিচালনা পরিষদের ৪৭ তম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে এই মর্মে জানাচ্ছি যে, বিগত ১৫-১১-২০২২ খ্রিঃ তারিখ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড পরিচালনা পরিষদের ৪৭তম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আপনার উইং এর সাথে সংশ্লিষ্ট বিষয়ের ওপর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

| ক্রমমান | বিষয় | বাপাউবোর্ড পরিচালনা পরিষদের সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | আলোচ্যসূচী-০২<br>বাপাউবো'র অধিগ্রহনকৃত সাময়িক অব্যবহৃত জমি সরকার' তথা বোর্ডের রাজস্ব আয় বৃদ্ধিসহ দেশের সার্বিক দারিদ্র্য বিমোচনে উক্ত জমির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে জাতীয় উৎপাদন বৃদ্ধির স্বার্থে স্বল্পমেয়াদী ইজারা প্রদানে বাপাউবো পরিচালনা পরিষদের ৩২তম সভায় (২১-১২-২০১১ তারিখে অনুষ্ঠিত) অনুমোদিত ইজারা/ব্যবহার মূল্য বৃদ্ধি প্রসঙ্গে। | বিস্তারিতভাবে আলোচনান্তে সার্বিক বিবেচনায় বাপাউবো'র অধিগ্রহনকৃত সাময়িক অব্যবহৃত জমি সরকার তথা বোর্ডের রাজস্ব আয় বৃদ্ধিসহ দেশের সার্বিক দারিদ্র্য বিমোচনে উক্ত জমির সর্বোচ্চ ব্যবহারের লক্ষে স্বল্পমেয়াদী ইজারা প্রদানে সংযুক্তিতে বর্ণিতভাবে ইজারা/ব্যবহার মূল্যের হার অনুমোদন করা হয় (কপি সংযুক্ত)। |
| ২। | আলোচ্যসূচী-০৬<br>গাড়ীচালকগণ স্বল্প বেতনধারী কর্মচারী বিধায় তাদেরকে বাৎসরিক এককালীন প্রণোদনা দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ প্রসঙ্গে।<br><br>অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।<br>ডায়েরি নং ২৮৩৮ তারিখঃ ১৫/১২/২২<br>অতিঃ প্রঃ প্রকৌঃ প্রশাসন/সচিব/তত্ত্বাঃ প্রকৌঃ মানউ/পরিচালক, কপ/নীরীক্ষা/শৃংখলা/প্রশিক্ষণ কল্যাণ/ভূমি ও রাজস্ব/নিরাপত্তা/জনসংযোগ/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরি (আইন)<br>জরুরী/অতি জরুরী/আলাপ করুন/প্রয়োজনীয় ব্যবস্থা নিন/নথিতে পেশ করুন/নথিতে রাখুন<br>পিএ<br>অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) | ক) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের গাড়ীচালকগণকে যে পদ্ধতিতে অধিকাল ভাতা প্রদান করা হয় একই পদ্ধতিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের গাড়ীচালকগণকে উক্ত অধিকাল ভাতা প্রদান করার নিমিত্ত একটি স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ের সম্মতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুণরায় প্রশাসনিক মন্ত্রণালয় (পাসম) এ প্রেরণ করতে হবে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা/কর্মচারী) চাকুরি প্রবিধানমালা-২০১৩ এর ৪০ ধারা বহাল থাকায়, প্রস্তাবিত বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি না পাওয়া পর্যন্ত সরকারী বিধানমতে বাপাউবো'র গাড়ীচালকগণ সর্বোচ্চ ২৫০ ঘন্টা অধিকাল ভাতা প্রাপ্ত হবেন।<br>(খ) অর্থ মন্ত্রণালয়ে প্রেরিতব্য (ক) এ বর্ণিত প্রস্তাবে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া না গেলে, বাংলাদশ পানি উন্নয়ন বোর্ডের নিজস্ব আয় থেকে গাড়ীচালকগণকে বাৎসরিক এককালীন প্রণোদনা প্রদানের বিষয়ে বোর্ডের নিজস্ব আয়, অনুরূপ অন্যান্য কর্মচারীদের পক্ষ থেকে সম্ভাব্য প্রতিক্রিয়া, আর্থিক বিজড়ন ইত্যাদি যথাযথ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক একটি স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ের সম্মতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয় (পাসম) এ প্রেরণ করতে হবে। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড পরিচালনা পরিষদের ৪৭ তম সভায় আপনার উইং এর সাথে সম্পর্কিত উক্ত বিষয়ের ওপর গৃহীত সিদ্ধান্ত মোতাবেক জরুরী ভিত্তিতে তা বাস্তবায়নের পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং গৃহীত ব্যবস্থা/বাস্তবায়ন অগ্রগতি বোর্ডকে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো।

ওবায়দুল ইসলাম
সচিব
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।
সেল#০১৭১১-৪৮২৭০০

অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০৪.১৮.৪৭.২২-২১৩

তারিখ ২৯ অগ্রহায়ন ১৪২৯ বঃ
১৪ ডিসেম্বর ২০২২ খ্রিঃ

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ-

১. পরিচালক, ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২. পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

১৪-১২-২০২২
মোঃ সিরাজুল ইসলাম
উপ-পরিচালক (বোর্ড)

বাপাউবো পরিচালনা পরিষদের ৪৭তম সভায় (১৫-১১-২০২২ তারিখে অনুষ্ঠিত) অনুমোদিত বাপাউবোর অধিগ্রহনকৃত/মালিকানাধীন সাময়িক অব্যবহৃত জমির ইজারা/ব্যবহার মূল্য তালিকা-

| ক্রঃ নং | জমির শ্রেণী/বর্ণনা রেট ও জামানত (টাকা) | ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাভূক্ত এলাকা | অন্যান্য সিটি কর্পোরেশন সমূহের আওতাভূক্ত এলাকা | জেলা সদরের পৌর এলাকা | জেলা সদর ব্যতীত অন্যান্য পৌর এলাকা | পৌর এলাকা ব্যতিত সদর উপজেলার অন্যান্য এলাকা | পৌর এলাকা ব্যতিত উপজেলার অন্যান্য এলাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১। | প্রবেশপথ (আবাসিক)<br><br>ক) রেট (প্রতি শতক/বার্ষিক)<br>খ) জামানত (প্রতি শতক/এককালীন) | ৪,০০০/-<br>৬০,০০০/- | ৩,০০০/-<br>৪০,০০০/- | ২,৫০০/-<br>৩৫,০০০/- | ২,০০০/-<br>২৫,০০০/- | ১,৫০০/-<br>১২,০০০/- | ১১০০/-<br>৯,০০০/- |
| ২। | প্রবেশপথ (বাণিজ্যিক/ শিল্প প্রতিষ্ঠান)<br><br>ক) রেট (প্রতি শতক/বার্ষিক)<br>খ) জামানত (প্রতি শতক/এককালীন) | ৪,৫০০/-<br>৭০,০০০/- | ৪,০০০/-<br>৫০,০০০/- | ৩,৫০০/-<br>৪০,০০০/- | ৩,০০০/-<br>৩৫,০০০/- | ২,০০০/-<br>২০,০০০/- | ১,৩০০/-<br>১২,০০০/- |
| ৩। | কৃষিজমি, ধান-পাট, ফসলাদী এবং হাঁস-মুরগী ও গবাদী/পশুপালন প্রভৃতি<br><br>ক) রেট (প্রতি শতক/বার্ষিক)<br>খ) জামানত (প্রতি শতক/এককালীন) | ৫০০/-<br>১,০০০/- | ৩০০/-<br>৫০০/- | ২৫০/-<br>৪০০/- | ২০০/-<br>৩০০/- | ৬০/-<br>১০০/- | ৪০/-<br>৫০/- |
| ৪। | মৎস্য চাষ (পুকুর/জলাশয়)<br><br>ক) রেট (প্রতিশতক/বার্ষিক)<br>খ) জামানত(প্রতি শতক, এককালীন) | ৫০০/-<br>১,০০০/- | ৩০০/-<br>৫০০/- | ২৫০/-<br>৪০০/- | ২০০/-<br>৩০০/- | ১৫০/-<br>১৫০/- | ১২০/-<br>১২০/- |
| ৫। | মৎস্য চাষ (বরোপিট/খাদ)<br><br>ক) রেট (প্রতি শতক/বার্ষিক)<br>খ) জামানত(প্রতি শতক/এককালীন) | ২০০/-<br>২০০/- | ২০০/-<br>২০০/- | ১৫০/-<br>১৫০/- | ১২০/-<br>১২০/- | ৯০/-<br>৮০/- | ৭০/-<br>৫০/- |
| ৬। | শিল্প/বাণিজ্যিক কাজে সমতল ভূমি ব্যবহার<br><br>ক) রেট (প্রতি শতক/বার্ষিক)<br>খ) জামানত (প্রতি শতক/এককালীন) | ১০,০০০/-<br>১,০০,০০০/- | ৯,০০০/-<br>৯০,০০০/- | ৭,০০০/-<br>৭০,০০০/- | ৫,০০০/-<br>২০,০০০/- | ৪,০০০/-<br>১২,০০০/- | ৩,০০০/-<br>৮,০০০/- |
| ৭। | সাময়িক অব্যবহৃত পাকা ভবনের ভাড়া (ভবিষ্যতে প্রয়োজনীয়)<br><br>ক) রেট (প্রতি বর্গফুট/মাসিক)<br>খ) জামানত(প্রতি বর্গফুট/এককালীন) | ২০/-<br>২০০/- | ২০/-<br>২০০/- | ১৫/-<br>১০০/- | ১০/-<br>৫০/- | ৮/-<br>৩০/- | ৫/-<br>২৫/- |
| ৮। | সাময়িক অব্যবহৃত সেমিপাকা ভবনের ভাড়া (ভবিষ্যতে প্রয়োজনীয়)<br><br>ক) রেট (প্রতি বর্গফুট/মাসিক)<br>খ) জামানত(প্রতি বর্গফুট/এককালীন) | ১৫/-<br>১০০/- | ১৫/-<br>১০০/- | ১০/-<br>৫০/- | ১০/-<br>৫০/- | ৫/-<br>২০/- | ২/-<br>১৫/- |
| ৯। | বিলবোর্ড (অনালোকিত) | সরকার অনুমোদিত হারে। | | | | | |
| ১০। | বিলবোর্ড (আলোকিত) | সরকার অনুমোদিত হারে। | | | | | |